# বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)

BSCCL
Connecting the world
ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh

**রহমান'স রেগনাম সেন্টার (৭ম, ৮ম ও ৯ম তলা)**
**১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।**
www.bsccl.com.bd

## প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)-এর পক্ষে ঢাকা জেলা জজ আদালত, সিএমএম আদালত ও আর্বিট্রেশন ট্রাইব্যুনালে মামলা পরিচালনা এবং কোম্পানির স্বার্থ সংরক্ষণার্থে প্রয়োজনীয় আইনগত পদেক্ষেপ গ্রহণের জন্য প্যানেল আইনজীবী নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, সম্মানি ও অন্যান্য শর্তে আইন পেশায় নিয়োজিত আগ্রহী বাংলাদেশী আইনজীবীগণের নিকট হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে দাখিলকৃত দরখাস্ত রেজিষ্ট্রার্ড ডাকযোগে অথবা অফিস চলাকালীন সময়ে প্রধান কার্যালয়ে সরাসরি উপস্থিত হয়ে আগামী ২৪ জুলাই, ২০২২ খ্রি. তারিখের মধ্যে পৌঁছাতে হবে। যোগ্য প্রার্থী প্রাপ্তিসাপেক্ষে অনধিক ০২ জনকে ০২ (দুই) বছর মেয়াদে বিএসসিসিএল-এর প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগ প্রদান করা হবে।

০১। **শিক্ষাগত যোগ্যতাঃ** প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম সম্মানসহ স্নাতক ও এলএলএম / বার-এ্যাট-ল ডিগ্রীধারী হতে হবে।

০২। **বয়সঃ** ৩০শে জুন, ২০২২ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ৩৫ বছর ও সর্বোচ্চ ৫৫ বছরের মধ্যে হতে হবে।

০৩। **অভিজ্ঞতাঃ**

(ক) প্রার্থীকে অবশ্যই ঢাকা আইনজীবী সমিতির সদস্য হতে হবে।

(খ) বাংলাদেশের বিভিন্ন এখতিয়ার সম্পন্ন আদালতে আইনজীবী হিসেবে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে ঢাকা জেলা জজ ও সিএমএম আদালতে মামলা পরিচালনার বিষয়ে ন্যূনতম ০৮ (আট) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) প্রার্থীর কম পক্ষে ১ কোটি টাকা মূল্যমানের দেনা-পাওনা সম্পর্কিত আর্বিট্রেশনে আইনজীবী অথবা আর্বিট্রেটর হিসেবে ন্যূনতম ৫ টি সালিশীর অভিজ্ঞতা থাকতে হবে।

(ঘ) প্রার্থীর টেলিকম সেক্টরের কোন প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে সেবা প্রদানের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।

(ঙ) সরকারি/স্বায়ত্ব শাসিত/সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানের আইনজীবী হিসেবে সেবা প্রদানের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৪। **সম্মানিঃ** প্রার্থী কোম্পানির প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের জন্য বিবেচিত হলে চুক্তি সম্পন্ন করার পর বিএসসিসিএল-এর প্যানেল আইনজীবী কর্তৃক প্রদত্ত বিভিন্ন আইন সেবার দর অনুযায়ী নির্ধারিত হারে (প্রযোজ্য আয়কর কর্তনের পর) সম্মানি প্রাপ্য হবেন। প্রয়োজনে ব্যক্তিগতভাবে কোম্পানিতে উপস্থিত হয়ে বিএসসিসিএল-এর প্যানেল আইনজীবী কর্তৃক প্রদত্ত বিভিন্ন আইন সেবার দর দেখা যাবে।

০৫। **চুক্তির মেয়াদঃ** ০২ (দুই) বছর। প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য। তবে ০৩ (তিন) মাসের নোটিশ প্রদান করে যে কোন পক্ষ চুক্তির অবসান ঘটাতে পারবে।

০৬। **কার্যপরিধিঃ**

ক) কোম্পানির স্বার্থ সংরক্ষণার্থে প্রয়োজনীয় সকল আইনগত পদক্ষেপ গ্রহণ এবং কোম্পানি/কোম্পানির আইনজীবীগণকে সহায়তা ও পরামর্শ প্রদান।

খ) আর্থিক ও বাণিজ্যিক চুক্তি, আইনি নোটিশ, আইনি নোটিশের জবাব, বন্ধক চুক্তি, ইজারা সংক্রান্ত দলিল, আইনি মতামত, ট্রেড মার্ক এবং পেটেন্ট আবেদন, ভাড়া/ক্রয়ের দলিল, বিভিন্ন বিধিসহ এবং সম্পত্তি হস্তান্তর সংক্রান্তসহ বিএসসিসিএলের প্রয়োজনীয়তা অনুসারে বিভিন্ন আইনি দলিল প্রস্তুতকরণ। কোম্পানি কর্তৃক প্রেরিত নথি/ রেকর্ডপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক লিখিত আইনগত মতামত প্রদান, চুক্তি ও দলিলাদি ভেটিং এবং এতদসংক্রান্ত বিষয়ে আইনি পরামর্শ প্রদানসহ কোম্পানির স্বার্থ সংশ্লিষ্ট যে কোন আইন সংক্রান্ত অন্যান্য কাজ সম্পাদন।

গ) মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের অ্যাপিলেট বিভাগ, হাইকোর্ট বিভাগ, নিম্ন আদালত ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনসহ (বিটিআরসি) প্রয়োজন মোতাবেক বাংলাদেশের যে কোন আদালত/ ট্রাইব্যুনালে/ সালিশি আদালতে কোম্পানির পক্ষে প্রয়োজনীয় কাগজপত্র ড্রাফটিং এবং মামলা পরিচালনা করা অথবা কোম্পানি কর্তৃক নিযুক্ত আইনজীবীকে ড্রাফটিং এবং মামলা পরিচালনা কার্যে সহায়তা করা।

ঘ) বিএসসিসিএল কর্তৃক নিরীক্ষণের জন্য প্রেরিত জমি সম্পর্কিত নথি, আর্থিক ও বাণিজ্যিক চুক্তি, আইনি নোটিশ, আইনি মতামত, চিঠিপত্র এবং চুক্তি ইত্যাদিসহ বিভিন্ন নথির ভেটিং ও আইনি পরামর্শ প্রদান।

ঙ) বিএসসিসিএলের স্বার্থ সংশ্লিষ্ট আইনি সমস্যা, ব্যবসায়িক লেনদেন, বকেয়া দাবী, মামলা-মোকদ্দমা পরিচালনা বা কোম্পানির স্বার্থ সংরক্ষণ, আইনি অধিকার ও বাধ্যবাধকতা সম্পর্কিত বিষয়ে প্রযোজ্য ও সংশ্লিষ্ট আইন অনুযায়ী যথাযথ পরামর্শ প্রদান।

চ) কোম্পানি কর্তৃক নিয়োগপ্রাপ্ত বা নিয়োগের জন্য বিবেচিত সিনিয়র আইনজীবীদের সাথে সমন্বয় সাধন করা এবং জটিল মামলায় বিএসসিসিএলের পক্ষে বিএসসিসিএল কর্তৃক নিয়োগপ্রাপ্ত আইনজীবীর সাথে আদালতে আইনি কার্যক্রম পরিচালনা করা।

ছ) দেওয়ানী ও ফৌজদারী আইন, বিশেষত অর্থ ঋণ আদালত আইন, হস্তান্তরযোগ্য ঋণের দলিল আইন, আয়কর ও ভ্যাট আইন, শ্রম আইন, কোম্পানি আইন, চুক্তি আইন, হস্তান্তরযোগ্য ঋণের দলিল আইন, ভূমি আইন, চাকরি সংক্রান্ত বিধি-বিধান, প্রশাসনিক আইন, সম্পত্তি হস্তান্তর আইন, সরকারি পাওনা আদায়, সালিশি আইন, টেলিযোগাযোগ নীতিমালা সংক্রান্ত বিধিমালা সম্পর্কিত মূল আইন, বিধিমালা (প্রযোজ্য ক্ষেত্রে), জার্নালসমূহ এবং ল রিপোর্ট সম্পর্কে আপডেট থাকা এবং পরিবর্তনের সাথে তাল মিলিয়ে চলা।

জ) চলমান/আসন্ন মামলার বিষয়ে সংস্থার নিয়োগকৃত প্যানেল আইনজীবীদের কাজ পর্যালোচনা করা এবং প্রয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান।

ঝ) পাক্ষিক ভিত্তিতে বিএসসিসিএলে রির্পোটিং এর জন্য হাজির হওয়া এবং বিএসসিসিএল ম্যানেজমেন্ট কর্তৃক অনুরোধ করা হলে চাহিত সময়ে ও স্থানে উপস্থিত থাকা।

ঞ) বিএসসিসিএল ম্যানেজমেন্ট কর্তৃক নির্ধারিত অন্য যে কোনও আইনি কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করা।

০৭। **অন্যান্য শর্তাবলীঃ**

ক) বিএসসিসিএলের কোন মামলা পরিচালনার জন্য নিযুক্ত হলে মামলা পরিচালনা সংক্রান্ত কার্যক্রমের জন্য বিএসসিসিএল-এর অনুমোদিত সিডিউল অনুযায়ী নির্ধারিত হারে (প্রযোজ্য আয়কর কর্তনের পর) সম্মানি প্রাপ্য হবেন।

খ) বিএসসিসিএল-এর প্রয়োজন অনুযায়ী তাঁর উপর সময়ে সময়ে কর্মপরিধিতে উল্লিখিত অর্পিত দায়িত্বসমূহ সুচারুভাবে পালনকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। তবে তাকে প্রতি ১৫ দিনে একবার অফিস চলকালীন সময়ে ন্যূনতম ৩ ঘন্টার জন্য বিএসসিসিএলের প্রধান কার্যালয়ে আইনগত বিষয়াদি বিবেচনা, নিরীক্ষা ও মতামত/পরামর্শ প্রদানের নিমিত্ত অবস্থান করতে হবে।

গ) ইচ্ছুক প্রার্থীগণকে নিজস্ব প্যাডে (১) নাম, (২) পিতার নাম, (৩) মাতার নাম, (৪) জন্ম তারিখ ও ৩০ জুন, ২০২২ খ্রি. তারিখে বয়স, (৫) স্থায়ী ঠিকানা, (৬) বর্তমান ঠিকানা, (৭) চেম্বারের ঠিকানা (টেলিফোন, মোবাইল, ই-মেইল আইডিসহ), (৮) জাতীয়তা (এনআইডি নম্বর), (৯) শিক্ষাগত যোগ্যতা (অর্জনের সাল, প্রতিষ্ঠানের নাম, বোর্ড/বিশ্ববিদ্যায়ের নাম, ফলাফলসহ), (১০) আদালতের নাম ও অভিজ্ঞতার বিবরণ, (১১) সালিশী আদালতের ক্ষেত্রে অভিজ্ঞতা ও মামলার সংক্ষিপ্ত বিবরণ, মামলা সম্পন্ন

হওয়ার সময় এবং ফলাফল ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সাপোর্টিং ডকুমেন্টসহ আবেদন করতে হবে।

ঘ) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, (২) ঢাকা বার কাউন্সিলসহ দেশের যে সকল আদালতে প্রার্থী আইনজীবী হিসেবে প্রাকটিস করার জন্য অনুমোদন প্রাপ্ত সে সংক্রান্ত এনরোলমেন্ট সার্টিফিকেটসমূহের কপি, (৩) জাতীয় পরিচয়পত্রের কপি, (৪) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি এবং (৫) ই-টিন সার্টিফিকেটের কপি সংযুক্ত করতে হবে।

০৮। আবেদনকারী আইনজীবীগণ অন্য প্রতিষ্ঠান প্যানেল আইনজীবী/আইন উপদেষ্টা হিসেবে নিযুক্ত থাকলে প্রতিষ্ঠানের ঠিকানাসহ বিস্তারিত উল্লেখ করতে হবে। প্যানেল আইনজীবী/আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকাকালে বিএসসিসিএল -এর স্বার্থ বিরোধী কোন প্রতিষ্ঠান/ব্যক্তির আইনজীবী হিসেবে কাজ করা যাবে না।

০৯। আবেদনপত্র এবং খামের উপর **'বিএসসিসিএলের প্যানেল আইনজীবী পদের জন্য আবেদনপত্র'** বাক্যটি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১০। আগ্রহী আইনজীবীগণের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত আইনজীবীগণকে সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। সাক্ষাৎকার গ্রহণপূর্বক মেধা তালিকা প্রস্তুতকরতঃ মেধা তালিকার শীর্ষস্থানীয় ব্যক্তিকে কোম্পানির নির্ধারিত শর্ত ও দরে কাজ করার নিমিত্ত চুক্তিবদ্ধ হওয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে। মেধা তালিকার শীর্ষ স্থানীয় ব্যক্তির সাথে চুক্তি সম্পন্ন করা সম্ভব না হলে ক্রমান্বয়ে পরের অবস্থানের ব্যক্তিকে চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণ জানানো হবে। উল্লেখ্য, সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন ভাতা প্রদান করা হবে না।

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অসম্পূর্ণ/ প্রত্যাশিত প্রমাণক সংযুক্ত করা হয়নি এরূপ আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে। বিএসসিসিএল কর্তৃপক্ষ আবেদনকারীগণের নিকট ব্যাখ্যা/প্রমাণক ও নতুন তথ্য প্রদানের জন্য অনুরোধ করার ক্ষমতা সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



**(মোঃ আব্দুস সালাম খাঁন, এফসিএস)**
**কোম্পানি সচিব (মহাব্যবস্থাপক),**
**বিএসসিসিএল**
ফোন-০২-৮৮৭৯২৪০, ফ্যাক্স: ০২-৮৮৭৯১৯৩
(অফিস)
ই-মেইল- cs@bsccl.com